

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.১৯১.২৩.৩৫৯

তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত “মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং” বিষয়ক সেমিনার ০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. মঙ্গলবার ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. ফারুক আহমেদ, অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। সেমিনারটি সঞ্চালনা করেন পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) মো. নজরুল ইসলাম।

প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন, মানুষের জীবনমান উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগের কার্যকর ভূমিকা রয়েছে। তিনি ১০টি উদ্যোগের ইতিবাচক ব্র্যান্ডিং-এর জন্য অংশগ্রহণকারীদের প্রতি আহ্বান জানান।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে সুবিধা বঞ্চিত মানুষদের উন্নয়নের স্রোতোধারায় সম্পৃক্ত করতে গণমাধ্যমকর্মীদের সরকার সূচিত বিশেষ উদ্যোগসমূহে ব্যাপক প্রচারের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। তিনি জাতীয় নির্বাচনকে সামনে রেখে আরো বেশি প্রচার প্রচারণার ওপর গুরুত্বরোপ করেন।

অন্যান্যের মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এ কে এম আজিজুল হক, পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ, সেমিনারের পরিচালক মো. মাসুদ মনোয়ার ভূঁইয়া এবং সমন্বয়ক ইসমত জাহান চৌধুরী সেমিনারে উপস্থিত ছিলেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর এবং সরকারি ও বেসরকারি মিডিয়ার ৬০ জন প্রশিক্ষণার্থী সেমিনারে অংশগ্রহণ করেন।



০৫/৯/২৩

আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশেটিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ / কমিউনিটি রেডিও/অন্যান্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসমূহ।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।